দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 12 MAY 1989
পৃষ্ঠা ৪ কলাম ৪

016

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বিএসসি (পাস) '৮৮ পরীক্ষার ফল প্রকাশ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আওতায় অনুষ্ঠিত ১৯৮৮ সালের বিএসসি (পাস) পরীক্ষার ফল গতকাল প্রকাশিত হয়েছে। পাসের হার শতকরা ২৭ দশমিক ১ ভাগ। ৩ হাজার ৯শ' ৯২ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নেয় এবং এর মধ্যে ১ হাজার ৮৪ জন উত্তীর্ণ হয়েছে। খবর বাসস'র।

চট্টগ্রাম সরকারী কলেজের মোহাম্মদ আসিফ (রোল নম্বর ১৫৫৩১) প্রথম স্থান অধিকার করেছেন। একই কলেজের মোহাম্মদ রাফাতউল্‌লা খান (রোল নং ১৫৫৩২ ও কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের সৈয়দ আহমদ (রোল নং ১৭৮৬৯) যুগ্মভাবে দ্বিতীয় স্থান অধিকার করেছেন। চট্টগ্রাম সরকারী কলেজের মুহাম্মদ শওকত হোসেন ভুঁইয়া (রোল ১৫৬২৮) তৃতীয় স্থান অধিকার করেছেন।

উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে ৪ জন প্রথম বিভাগ, ৩৫২ জন দ্বিতীয় বিভাগ এবং ৭২৮ জন তৃতীয় বিভাগ পেয়েছেন।